



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে ফ্রান্সের লা রোশেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এর
সৌজন্য সাক্ষাৎ



১২ ডিসেম্বর-২০২১, রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এর সাথে ফ্রান্সের লা রোশেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পিয়েরিক বোসে সৌজন্য সাক্ষাত করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সাইন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ সাইফুল ইসলাম, প্রাণিবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক শ্রীমান দিলীপ কুমার দাশ ও অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, লা রোশেল বিশ্ববিদ্যালয় ও ঢাকাস্থ ফরাসি দূতবাস, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগকে পরিযায়ী পাখি বিষয়ক গবেষণায় কারিগরি ও আর্থিক সহযোগিতা দিয়ে আসছে। শ্রীমান দিলীপ কুমার দাশ ইতোমধ্যে এই সহযোগিতায় পরিযায়ী পাখির উপর করা গবেষণা তৎপরতা উপাচার্য মহোদয়কে অবহিত করেন। এছাড়াও দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে ভবিষ্যৎ গবেষণা সুযোগ ও সহযোগিতা নিয়ে আলোচনা হয়।